# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২,পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

পরিপত্র নং-২৬/২০১৫ তারিখঃ ২১.০৯.২০১৫

সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

বিষয়ঃ **'ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম' নীতিমালা।**

প্রিয় সহকর্মী,

প্রবাসী কল্যাণ ব্যাংক পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** নীতিমালা সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এতদসঙ্গে প্রেরিত হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ২ (দুই) ফর্দ ।

21/09/15
(মোহাম্মদ আবু সাঈদ)
বিভাগীয় প্রধান (অঃদাঃ)

(মোহাম্মদ আবু সাঈদ)
চীফ ম্যানেজার
প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান শাখা, ঢাকা।

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১.স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
২.স্টাফ অফিসার,উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
৩.স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
৪.বিভাগীয় প্রধান (সকল) প্রবাসী কল্যাণ ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
৫.আইটি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য), প্রধান কার্যালয়,ঢাকা।
৬.অফিস কপি।

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২,পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা।

## "ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম" নীতিমালা

প্রবাসী কল্যাণ ব্যাংক সহজ শর্তে, স্বল্পসুদে ও বিনা জামানতে অভিবাসী ঋণ প্রদান করে থাকে। এই ঋণ গ্রহণকারী প্রত্যেককে বাধ্যতামূলক **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** এর আওতায় আনয়নের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃক **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** নীতিমালা নিম্নোক্তভাবে প্রণয়ন করা হলো।

১.০ শিরোনামঃ **"প্রবাসী কল্যাণ ব্যাংক ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"।**

২.০ **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম" এর উদ্দ্যেশঃ**

(ক) ঋণ গ্রহীতার মৃত্যুজনিত কারনে সৃষ্ট ঋণ আদায় ঝুঁকি মোকাবেলা;

(খ) মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণকে ঋণের দায় থেকে অব্যাহতি দেয়া;

(গ) এজেন্সীর কারণে বা চাকুরীজনিত জটিলতার কারণে বা শারীরিক সমস্যার কারণে ঋণ গ্রহীতা দেশে ফেরত আসলে ঋণ আদায় ঝুঁকি মোকাবেলা।

৩.০ **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম" এর শর্তাবলীঃ**

(ক) শুধুমাত্র ব্যাংকের **"অভিবাসী ঋণ কর্মসূচি"** এর অধীনে ঋণ গ্রহীতাগণ বাধ্যতামূলক এ স্কীমের সদস্য হবেন।

(খ) **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** এর নির্ধারিত চাঁদা একবারে আদায় করতে হবে।

৪.০ **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম" এর সুবিধা প্রদানঃ**

(ক) ঋণের মেয়াদকালে ঋণ গ্রাহকের মৃত্যু হলে ঋণ স্থিতির ১০০% এবং ঋণ গ্রহণের ৬ (ছয়) মাসের মধ্যে ফেরত আসলে ঋণ স্থিতির ৫০% দায় এই স্কীমের তহবিল হতে সমন্বয় হবে।

(খ) শুধুমাত্র হংকং গমনকারী মহিলা কর্মীদের ক্ষেত্রে ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের মধ্যে যুক্তিসঙ্গত কারণে ফেরত আসলে ঋণ স্থিতির ১০০% দায় সমন্বয় হবে।

(গ) ঋণ সম্পূর্ণ পরিশোধ পূর্বক পুনঃঋণ গ্রহণকালে পুনরায় নির্ধারিত হারে চাঁদা পরিশোধযোগ্য হবে।

(ঘ) ঋণ এর মেয়াদ শেষ হওয়ার পর এ সুবিধা স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে।

৫.০ **ঋণ গ্রহীতাদের ঋণ পরবর্তী দায় সমন্বয় কার্যাবলীঃ**

(ক) ঋণ গ্রহীতার মৃত্যু হলে বা হংকং এর ক্ষেত্রে ৩ মাসের মধ্যে ফেরত আসলে সেক্ষেত্রে করণীয়ঃ-

কোনো ঋণ গ্রহীতার মৃত্যু বা হংকং এর ক্ষেত্রে ঋণ গ্রহণের ৩ মাসের মধ্যে ফেরত আসার তথ্য অবহিত হওয়া মাত্রই সংশ্লিষ্ট শাখার অফিসার ও ব্যবস্থাপক যৌথভাবে সরেজমিনে তদন্ত করে তা নিশ্চিত হবেন। এরপর ঋণ স্থিতির ১০০% **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** এর তহবিল হতে সমন্বয়ের জন্য আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের তারিখে সংশ্লিষ্ট ঋণ হিসাবে সুদ ও আবগারী শুল্ক পোস্টিং দিয়ে ঋণের যে স্থিতি হবে সে পরিমাণ অর্থের সমন্বয়ের আবেদন করতে হবে। পরবর্তীতে আর কোনো সুদ চার্জ হবে না। প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদিত হওয়ার পর সংশ্লিষ্ট ঋণ হিসাবের বিপরীতে **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** হতে প্রাপ্ত অর্থ সমন্বয় করতে হবে।

(খ) ০৬ মাসের মধ্যে ফেরত আসা ঋণ গ্রহীতার ক্ষেত্রেঃ-

ঋণ গ্রহণের ৬ মাসের মধ্যে কোনো ঋণ গ্রহীতা ফেরত আসলে সেই তথ্য অবহিত হওয়া মাত্রই সংশ্লিষ্ট শাখার অফিসার ও ব্যবস্থাপক যৌথভাবে সরেজমিনে তদন্ত করে তা নিশ্চিত হবেন। নিশ্চিত হওয়ার পর প্রধান কার্যালয়ে আবেদন প্রেরণের তারিখে সুদ চার্জ ও আবগারী শুল্ক হিসাবায়ন করে ঋণ স্থিতির ৫০% আদায় করবে। এরপর অবশিষ্ট ৫০% সমন্বয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

(গ) প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর কেন্দ্রীয় হিসাব বিভাগ **"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** এর আওতায় রক্ষিত তহবিল হতে অনুমোদিত অর্থ সংশ্লিষ্ট শাখায় স্থানান্তর করবে।

৬.০ <u>দায় সমন্বয়ের অনুমোদন ক্ষমতাঃ</u>

**"ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম"** এর দায় সমন্বয়ের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালকের হাতে ন্যস্ত থাকবে।

৭.০ <u>হিসাব পদ্ধতিঃ</u>

(ক) গ্রাহকের কাছ থেকে চাঁদা গ্রহণকালীন সময়ে ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| পরিচালিত ব্যাংক হিসাব<br>(১০০০২০০০০) | | ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম খাত<br>(২০০০৮০০০৫) |

(খ) প্রতি মাসের শেষ কর্মদিবসে প্রধান কার্যলয়ে প্রেরণের ভাউচার পদ্ধতি নিম্নরুপঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম খাত<br>(২০০০৮০০০৫) | | আন্তঃব্যাংক হিসাব প্রধান কার্যালয়<br>(৯৯৯২০০০৮০০০৫) |

(গ) দায় সমন্বয় অনুমোদন পরবর্তী প্রধান কার্যালয় থেকে সংশ্লিষ্ট শাখায় স্থানান্তর পদ্ধতি নিম্নরুপঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম খাত<br>(২০০০৮০০০৫) | | আন্তঃব্যাংক হিসাব (সংশ্লিষ্ট শাখা)<br>(২০০০৮০০০৫) |

(ঘ) ঋণ হিসাবে পোস্টিং পদ্ধতি নিম্নরুপঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম খাত<br>(২০০০৮০০০৫) | | দায় সমন্বয়যোগ্য ঋণ হিসাব |

৮.০ এই নীতিমালা ১১.০২.২০১৩ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

(মোহাম্মদ আবু সাঈদ)
চীফ ম্যানেজার
প্রবাসী কল্যাণ ব্যাংক
শাখা, ঢাকা।